

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
www nbr.gov.bd

তারিখ: ২৯ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক স্মরণকালের সর্ববৃহৎ ২৮০০ টন পণ্যচালানের নিলাম সম্পাদন

চট্টগ্রাম বন্দরের বিদ্যমান কন্টেইনার জট ও এর ফলে উত্তৃত নিরাপত্তাজনিত ঝুঁকি নিরসন, ভৌত ও আর্থিক নিরাপত্তাসহ জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ, রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধ সর্বোপরি চট্টগ্রাম বন্দরের কার্যক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে চট্টগ্রাম কাস্টমস হাউস অখালাসকৃত ও নিলামযোগ্য বিভিন্ন পণ্য নিলামের মাধ্যমে বিক্রয়ের কার্যক্রম গ্রহণ করেছে।

এরই ধারাবাহিকতায় কাস্টমস অকশন শেডে দীর্ঘদিন ধরে রক্ষিত “Used Dredger Steel Pipe, Rubber Hose, Fittings & Accessories” প্রায় ২৮০০ টন পণ্য E-Auction এর মাধ্যমে বিক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়। বাণিজ্য মন্ত্রণালয়ের অনাপত্তি নিয়ে পণ্যচালানটির নিলাম কার্যক্রম জাতীয় রাজস্ব বোর্ড এর E-Auction ওয়েবসাইটের মাধ্যমে সম্পন্ন করা হয়। গত ১৫ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত প্রতিযোগিতামূলক উক্ত নিলামে মোট ১৩ জন বিভার অংশগ্রহণ করেন।

সর্বোচ্চ ৯,২৭,৫০,০০০/- (নয় কোটি সাতাশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা) বিড মূল্যে উক্ত পণ্যচালানটি বিক্রয় করা হয়। বিডমূল্য, ভ্যাট ও আয়করসহ সর্বমোট ১১,৫৯,৩৭,৫০০/- (এগারো কোটি উনষাট লক্ষ সাঁইত্রিশ হাজার পাঁচশত টাকা) পরিশোধের পর বিভারের অনুকূলে পণ্যচালানটির খালাস সম্পন্ন হয়েছে।

উল্লেখ্য যে, আলোচ্য পণ্যচালানটি পণ্যের পরিমাণ বিবেচনায় কাস্টমস হাউস, চট্টগ্রামের ইতিহাসে নিলামকৃত সর্ববৃহৎ পণ্যচালান। আলোচ্য নিলাম কার্যক্রমের মাধ্যমে একদিকে যেমন কাস্টমস অকশন শেডের সিংহভাগ স্থান খালি করা সম্ভব হয়েছে, অন্যদিকে সরকারের উল্লেখযোগ্য পরিমাণ রাজস্ব আহরণ নিশ্চিত হয়েছে এবং বন্দরের ইয়ার্ড ব্যবস্থাপনায় গতিশীলতা এসেছে।

অখালাসকৃত ও নিলামযোগ্য পণ্য দ্রুত নিষ্পত্তির মাধ্যমে বন্দরের স্বাভাবিক কার্যক্রম বজায় রাখতে কাস্টমস হাউস, চট্টগ্রাম নিয়মিতভাবে E-Auction কার্যক্রম অব্যাহত রেখেছে।

- জাতীয় রাজস্ব বোর্ড